MAY 31 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ............
পৃষ্ঠা ...১৬... কলাম ...৪...

# যশোর বোর্ডে হিসাব বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্রে ভুল

**যশোর অফিস** ॥ যশোর শিক্ষা বোর্ডের অধীনে গতকাল বুধবার অনুষ্ঠিত এইচএসসির বাণিজ্য বিভাগের হিসাব বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্রে ভুল ধরা

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## প্রশ্নপত্রে ভুল

(শেষ পৃষ্ঠার পর)

পড়িয়াছে। ৯ নম্বর প্রশ্নের উদ্বৃত্ত পত্র তৈরীর 'পণ্য ক্রয় ভ্যাটসহ ও পণ্য বিক্রয় ভ্যাটসহ' টাকার পরিমাণ ৭২ লক্ষ ৪৫ হাজার টাকা উল্লেখ করা হইয়াছে। কিন্তু আসলে হইবে ৭ লক্ষ ২৪ হাজার ৫০০ টাকা। প্রশ্নপত্রে টাকার যে অংক উল্লেখ আছে উহার ভিত্তিতে উদ্বৃত্ত পত্র প্রস্তুত করা হইলে প্রশ্নটির উত্তর সঠিক হইবে না। এই কারণে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ২০ নম্বর কাটা যাইতে পারে। ভুল অংকের উক্ত প্রশ্নের উত্তর দিতে গিয়া পরীক্ষার্থীরা বিপাকে পড়িয়া যায়। পরিদর্শকরা এ বিষয়ে কোন সমাধান দিতে পারেন নাই।